

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০১৫.০৫.০০১.২১.৪

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

বিষয়: আইসিটি অধিদপ্তরের জেলা কার্যালয় সমূহের সিটিজেন চার্টার হালনাগাদ প্রসঙ্গে

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ের অফিসসমূহের সিটিজেন চার্টার হালনাগাদ বিষয়ক মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কম্পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ (সংযুক্তি-ক) অনুযায়ী “উর্ধ্বতন অফিস প্রতি অর্থবছরের মাঝামাঝি সময়ে (১৫ জানুয়ারীর মধ্যে) আওতাধীন অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কম্পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে এবং আওতাধীন অফিস সমূহকে ফলাবর্তক প্রদান করবে”। তারই অংশ হিসেবে গত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখে অধিদপ্তরের জেলা পর্যায়ের অফিসগুলোকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের জন্য ইমেইলে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যবধি মাত্র ৯ (নয়) জেলার সিটিজেন চার্টার (সংযুক্তি-খ) হালনাগাদ করা হয়েছে। তাই অধিদপ্তরের জেলা পর্যায়ের অফিস সমূহের সিটিজেন চার্টার সমূহ হালনাগাদ করে তথ্য বাতায়নে আপলোড করা প্রয়োজন।

এমতবস্থায়, অধিদপ্তরের জেলা পর্যায়ের অফিস সমূহের সিটিজেন চার্টারসমূহ হালনাগাদ করে আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে তথ্য বাতায়নে আবশ্যিকভাবে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

R.Mahedi

৮-১-২০২২

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

প্রোগ্রামার (জেলা) সকল

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০১৫.০৫.০০১.২১.৪/১(৬)


তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) সিস্টেম ম্যানেজার, সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

- ৩) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৪) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৫) মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, সিস্টেম ও প্রশিক্ষণ শাখা-২, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৬) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর



৮-১-২০২২

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)